

2017

BENGALI

(Major)

Paper : 5.5

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

$1 \times 7 = 7$

- (ক) মহার্ষি কথের তপোবনে প্রবেশ করে দুষ্যন্ত পরিণয়সূচক কোন লক্ষণ দেখেছিলেন ?
- (খ) মহার্ষি কথ কি উদ্দেশ্যে সোমতীর্থ গিয়েছিলেন ?
- (গ) রাজা দুষ্যন্ত-কর্তৃক পরিত্যক্ত শকুন্তলাকে প্রসবকাল পর্যন্ত কে নিজগৃহে রাখতে চেয়েছিলেন ?
- (ঘ) কোন গুণে নেতাজি জাপানের বশ্যতা স্থাকারের হাত থেকে বেঁচেছিলেন ?
- (ঙ) মোপাসাঁর রচনায় তাঁর একান্ত নিজস্ব বিশেষত্বটি কী, তা এককথায় প্রকাশ করো ।
- (চ) ভারতীয় ভাবনায় বিরহের সঙ্গে কোন ঋতুর যোগ রয়েছে ?
- (ছ) ইংরেজ রাস্ল পাশা ‘পাশা’ খেতাবটি কার কাছে পেয়েছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

 $2 \times 8 = 16$

- (ক) “মাধবীলতার এই যে মুকুলনিগম, এ তোমারই শুভসূচক !” কে, কাকে একথা বলেছেন ?
- (খ) “দেখ, সংপুর্ণমেরা শোকের ও মোহের বশীভৃত হয়েন না !” কে, কাকে একথা বলেছেন ?
- (গ) ছোটগল্লে রবীন্দ্রনাথ যাঁদের ছাড়িয়ে গিয়েছেন বলে সৈয়দ মুজতবা আলী মনে করেন, তাঁদের মধ্যে দুজনের নাম লেখো ।
- (ঘ) ইরান দেশের সদাগর কোথায়, কী উদ্দেশ্যে যেতে চেয়েছিলেন ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

 $5 \times 3 = 15$

- (ক) রাজা দুষ্যন্তের সঙ্গে মৃগয়ায় আগমনকালে তাঁর প্রিয় বয়স্যের ক্লেশ ও বিরক্তির কী কারণ ঘটেছিল তা অতি সংক্ষেপে আলোচনা করো ।
- (খ) “সে এক অভূতপূর্ব স্তুরত্ব সৃষ্টি !” উক্তিটির বক্তা কে ? কার সম্পর্কে তিনি একে উক্তি করেছেন ? এই ‘অভূতপূর্ব’ রূপকে বক্তা কী কী বস্তুর সঙ্গে, কীরূপে তুলনা করেছেন, আলোচনা করো ।
- (গ) ‘‘ভারতীয়েরা সব বেদে !’’ উক্তিটি কার ? বক্তা নিজের কোন লক্ষণ দেখিয়ে নিজেকে ভারতীয়ের আপনজন বলে প্রতিষ্ঠিত করতে চেয়েছেন ?

- (ঘ) ‘তোতাকাহিনী’ পাঠে হিন্দুতানের তোতাটি সদাগরের মারফৎ কীভাবে সদাগরের তোতাকে মুক্তির উপায় জানিয়েছিল, বিশ্বারিতভাবে আলোচনা করো ।
- (ঙ) ‘পঁচিশে বৈশাখ’ পাঠে সৈয়দ মুজতবা আলী রবীন্দ্রনাথের বহুমুখী প্রতিভার যে সংক্ষিপ্ত পরিচয় দিয়েছেন তা বর্ণনা করো ।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 3 = 30$

ক—গুচ্ছ

- (ক) ‘সংস্কৃত ভাষায় রচিত কালিদাসের ‘অভিজ্ঞান শকুন্তলম’ নাটকটিকে বাংলায় গদ্যানুবাদ করলেও বিদ্যাসাগরের ‘শকুন্তলা’ এক আধুনিক মানসিকতার মৌলিক সৃষ্টি !’ ‘শকুন্তলা’ গ্রন্থ অবলম্বনে অনুবাদক বিদ্যাসাগরের মৌলিকতা ও আধুনিকতার পরিচয় দাও ।
- (খ) ‘শকুন্তলা’ গ্রন্থের প্রথম পরিচেদে তপোবনের এক অপরাপ পটভূমিকায় শকুন্তলা ও দুষ্যন্তের পূর্বরাগের অসাধারণ চিত্র অঙ্কিত হয়েছে। ‘শকুন্তলা’ গ্রন্থের প্রথম পরিচেদে বর্ণিত ঘটনা অবলম্বনে দুষ্যন্ত-শকুন্তলার পূর্বরাগ বিশ্লেষণ করো ।
- (ঘ) ‘শকুন্তলার পতিগৃহে যাত্রাকালে মহর্ষি কঞ্চ শকুন্তলাকে যে উপদেশ দিয়েছেন এবং যে আচরণ করেছেন তার মধ্য দিয়ে এক তপোবনবাসী ঋষি নয়, বরং সংসার-অভিজ্ঞ এক গৃহস্থ ও সন্তান-বৎসল পিতার ছবিই ফুটে উঠেছে !’ উক্তিটি অবলম্বনে শকুন্তলার পতিগৃহে যাত্রাকালে কথের ভূমিকা আলোচনা করে উক্তিটির যাথার্থ্য বিচার করো ।

୪—୫୩

- (ক) “‘পঁচিশ বৈশাখ’ পাঠে লেখক অতি সৃষ্টি ও গভীর উপলক্ষ দিয়ে রবীন্দ্রনাথের গানের বৈশিষ্ট্য বিশ্লেষণ করেছেন।” আলোচনা করো।

(খ) “‘বর্ষা’ প্রবক্ষে এক কৌতুক কাহিনি অবতারণার মাধ্যমে লেখক যদিও হাস্যরস সৃষ্টি করেছেন, কিন্তু তার অন্তরালে রয়েছে এক গভীর তত্ত্ব—ভারতীয় ভাবনায় মানব-মনের উপর প্রকৃতির প্রভাব।” ‘বর্ষা’ পাঠ অবলম্বনে আলোচনা করো।

(গ) সুভাষচন্দ্রের কার্যকলাপ বর্ণনা করে লেখক প্রকৃত একজন নেতার উপরূপ লক্ষণগুলি দেখতে পেয়েছেন, যা তিনি বিশ্লেষণ করে দেখিয়েছেন। ‘নেতাজী’ পাঠটি অবলম্বনে আলোচনা করো।
